

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৩-

৫০৬

তারিখঃ ০৫.০৮.২০১৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ-দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ রাহেলা আক্তার (১১৩১৮৯), ডেন্টাল সার্জন হিসেবে বদলির আদেশাধীন, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, খালিয়াজুড়ি, নেত্রকোনা -এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে বিভাগীয় মামলা বুজু করে এ মন্ত্রণালয়ের ১৪.০৭.২০১৩ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৩-৬২৫নং স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে আপনাকে উল্লিখিত অভিযোগে দোষী সাব্যস্ত করে 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) বিধি মোতাবেক সরকারি 'চাকুরি হতে বরখাস্ত' (Dismissal from Service) করা হবে না, তঁর কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এই সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ পাতা

(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ রাহেলা আক্তার (১১৩১৮৯)
ডেন্টাল সার্জন
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
খালিয়াজুড়ি, নেত্রকোনা
(স্থায়ী ঠিকানাঃ-মৃত আবু তাহের মজুমদার, কনকচাঁপা, পালপাড়া, দক্ষিণ ঠাকুরপাড়া, কুমিল্লা-৩৫০০)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৫.২০১৩-

৫০৬/১৩৪

তারিখঃ ০৫.০৮.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, নেত্রকোনা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ঠিকানায় জারিপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

(মোঃ আনওয়ার হোসেন)

সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasdisci@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-১ শাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬২.২০১১-১১৪

তারিখঃ ১০.০৮.২০১৪ খ্রিস্টাব্দ


বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ শিহাব উদ্দিন (১০১৫০৮০), সহকারী সার্জন, সাঁড়া ইউঃ উপ-স্বাস্থ্য কেন্দ্র, ঈশ্বরদী, পাবনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩(বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতীত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬২.২০১১-৪৮৪, তারিখঃ ০৮.০৫.২০১১ খ্রিস্টাব্দ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, আপনি উক্ত নোটিশের জবাব দাখিল করেন ও নির্ধারিত দিনে ব্যক্তিগত শুনানীতে উপস্থিত হননি;

যেহেতু, আপনার জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় প্রাপ্ত জবাব, কাগজপত্র ও নথি পর্যালোচনান্তে আপনাকে উল্লেখিত অধ্যাদেশের ৩ (বি) ধারার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে ;

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪(এ) ধারা মোতাবেক সরকারী চাকুরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।


(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ শিহাব উদ্দিন (১০১৫০৮০)

সহকারী সার্জন

সাঁড়া ইউঃ উপ-স্বাস্থ্য কেন্দ্র

ঈশ্বরদী, পাবনা


(স্থায়ী ঠিকানাঃ গ্রাম-চরমিরকামারী, ডাকঘর-জয়নগর, উপজেলা-ইশ্বরদী, জেলা-পাবনা)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬২.২০১১- ১১৪ (৪)

তারিখঃ ১০.০৮.২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)
- ৩। সিভিল সার্জন, পাবনা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারিপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)


(মোঃ আনয়ার হোসেন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৬৬৫৫

sasclscl@mohfw.gov.bd